বিএডিসি বারাদী খামারের সীমানা প্রাচীর নির্মাণে অনিয়মের অভিযোগ

মেহেরপুর বীজ উৎপাদন খামার বিএডিসি বারাদীতে সীমানা প্রাচীর নির্মাণকাজে ব্যাপক অনিয়মের অভিযোগ উঠেছে ঠিকাদারি প্রতিষ্ঠানের বিরুদ্ধে।

জানা গেছে, জীবননগরের জাকাউল্লাহ অ্যান্ড ব্রাদার্স লিমিটেড নামের একটি ঠিকাদারি প্রতিষ্ঠান ১ কোটি ১ লাখ ৪১ হাজার ৩০০ টাকা ব্যয়ে ৭৫০ মিটার সীমানা প্রাচীর নির্মাণের কার্যাদেশ পায়। কার্যাদেশ পাওয়ার পর প্রায় দুই মাসে মোট কাজের প্রায় ৩৫ শতাংশ সম্পন্ন হয়েছে।

স্থানীয়দের অভিযোগ, চলমান নির্মাণকাজে গ্রেড বিম ও কলাম ঢালাইয়ে ব্যবহৃত স্টোন চিপস (পাথর কুচি), রড এবং প্রাচীর গাঁথুনির ইট নিম্নমানের ব্যবহার করা হচ্ছে। অভিযোগটি মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য তাজ উদ্দীন খানের নজরে গেলে তার নির্দেশে বারাদী ইউনিয়ন জামায়াতের সেক্রেটারি আব্দুর রাজ্জাকসহ স্থানীয় নেতৃবৃন্দ নির্মাণকাজ পরিদর্শনে যান।

পরিদর্শন শেষে আব্দুর রাজ্জাক বলেন, “প্রাচীরের গাঁথুনিতে ব্যবহৃত ইট নিম্নমানের। এতে প্রাচীরের স্থায়িত্ব নিয়ে প্রশ্ন থেকেই যায়। সিডিউলে ১ নম্বর ইট ব্যবহারের কথা থাকলেও সেখানে ২ ও ৩ নম্বর ইট ব্যবহার করা হচ্ছে।”

তিনি আরও বলেন, “ঢালাই কাজে ব্যবহৃত স্টোন চিপসের মধ্যে অতিরিক্ত বড় আকারের গোল পাথর রয়েছে, যা মানসম্মত নয়। আমরা সংশ্লিষ্টদের পরবর্তী কাজ সিডিউল অনুযায়ী সম্পন্ন করার পরামর্শ ও সতর্ক করেছি। অন্যথায় কাজ বন্ধ করে দেওয়া হবে।”

এ বিষয়ে ঠিকাদারি প্রতিষ্ঠানের প্রতিনিধি মাহফুজুর রহমান বলেন, “ইটের বিষয়ে ভাটার শ্রমিকদের অবহেলার কারণে এমনটি হয়েছে। এ বিষয়ে তাদের সঙ্গে কথা বলা হয়েছে। ভবিষ্যতে সিডিউল অনুযায়ী নির্মাণসামগ্রী ব্যবহার করে কাজ করা হবে।”

মেহেরপুরে জমকালো আয়োজনে এশিয়া পোস্টের আনুষ্ঠানিক যাত্রা শুরু

মেহেরপুরে বর্ণাঢ্য আয়োজন, প্রাণবন্ত সাংস্কৃতিক পরিবেশনা ও উৎসবমুখর আবহের মধ্য দিয়ে অনলাইন ও মাল্টিমিডিয়াভিত্তিক সংবাদমাধ্যম এশিয়া পোস্টের আনুষ্ঠানিক উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে।

গতকাল সোমবার সন্ধ্যায় জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তনে ব্যান্ড শো, আলোচনা সভা এবং কেক কাটার মধ্য দিয়ে এশিয়া পোস্টের উদ্বোধনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জেলার প্রশাসনিক কর্মকর্তা, আইনজীবী, রাজনৈতিক নেতা, গণমাধ্যমকর্মী ও বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ।

এশিয়া পোস্টের মেহেরপুর জেলা প্রতিনিধি খান মাহমুদ আল রাফির সঞ্চালনায় আয়োজিত উদ্বোধনী অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন তথ্য অফিসার আব্দুল্লাহ আল মাসুদ। প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন অতিরিক্ত জেলা প্রশাসক তাজওয়ার আকরাম সাকাপি ইবনে সজ্জাদ।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, ‘এশিয়া পোস্টের আজকে আনুষ্ঠানিক যাত্রা শুরু হলো। যেভাবে এশিয়া পোস্ট যাত্রা শুরু করেছে, তাতে অচিরেই এটি বাংলাদেশের প্রথম সারির একটি গণমাধ্যমে রূপান্তরিত হবে। এশিয়া পোস্টের মাধ্যমে মেহেরপুরসহ সারা দেশের সমস্যা-সম্ভাবনার কথা উঠে আসবে এবং এটি সাধারণ মানুষের কণ্ঠস্বর হিসেবে কাজ করবে, এটাই সকলের প্রত্যাশা।’

এ সময় আরও বক্তব্য রাখেন অতিরিক্ত পুলিশ সুপার জামিনুর রহমান খান, মেহেরপুর জেলা বারের সাবেক সভাপতি অ্যাডভোকেট মারুফ আহমেদ বিজন, মেহেরপুর জজ কোর্টের পিপি অ্যাডভোকেট নজরুল ইসলাম, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের পিপি অ্যাডভোকেট মোস্তাফিজুর রহমান, জিনিয়াস ল্যাবরেটরী স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষ আলামিন ইসলাম বকুল এবং জেলা তথ্য অফিসার আব্দুল্লাহ আল মাসুদ।

জিনিয়াস ল্যাবরেটরী স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষ আলামিন ইসলাম বকুল বলেন, ‘আমরা কিছুদিন যাবৎ লক্ষ্য করে দেখেছি কিভাবে এশিয়া পোস্ট যাত্রা শুরু করেছে, কারা এখানে কাজ করছে এবং কিভাবে বস্তুনিষ্ঠ ও নিরপেক্ষ তথ্যের মাধ্যমে সংবাদ পরিবেশন করছে। এভাবেই এশিয়া পোস্ট মানুষের হৃদয়ে আস্থা তৈরি করে নেবে।’

মেহেরপুর জজ কোর্টের পিপি অ্যাডভোকেট নজরুল ইসলাম বলেন, ‘এশিয়া পোস্ট গতানুগতিক খবর প্রকাশ না করে, খবরের ভেতর থেকে খবর বের করে আনবে, এমনটাই প্রত্যাশা আমাদের।’

মেহেরপুরের অতিরিক্ত পুলিশ সুপার জামিনুর রহমান খান বলেন, ‘এশিয়া পোস্ট কোনো বিশেষ গোষ্ঠীর হয়ে নয়, বরং বস্তুনিষ্ঠ ও নিরপেক্ষ তথ্য পরিবেশনের মাধ্যমে আধুনিক ও সমৃদ্ধ বাংলাদেশ গড়তে ভূমিকা রাখবে বলে আমরা প্রত্যাশা করছি।’

এর আগে সাংস্কৃতিক অনুষ্ঠানের অংশ হিসেবে স্থানীয় শিল্পীদের ব্যান্ড ‘ব্ল্যাক অ্যান্ড হোয়াইট’ এর সদস্যরা মনোজ্ঞ সংগীত পরিবেশন করেন। প্রাণবন্ত এ পরিবেশনা অনুষ্ঠানে ভিন্ন মাত্রা যোগ করে। পরে কেক কেটে এশিয়া পোস্টের আনুষ্ঠানিক উদ্বোধন উদযাপন করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের (টিটিসি) অধ্যক্ষ ড. প্রকৌশলী মো. শামিম হোসেন, জেলা নিরাপদ খাদ্য অফিসার রিয়াজ মোহাম্মদ রাব্বি, অ্যাডভোকেট মোখলেসুর রহমান স্বপন, জাসাস সভাপতি বাকা বিল্লাহ, মেহেরপুর-১ সংসদীয় আসনের সংসদ সদস্যের প্রতিনিধি হিসেবে জামায়াতে ইসলামী নেতা আব্দুল জব্বার, সিপিপি নেতা অ্যাডভোকেট মিজানুর রহমান, পূজা উদযাপন কমিটির সভাপতি অশোক চন্দ্র বিশ্বাসসহ জেলার বিভিন্ন প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার গণমাধ্যমকর্মী, সরকারি দপ্তরের কর্মকর্তা এবং রাজনৈতিক দলের নেতাকর্মীরা।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] (2021) [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]

[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [

সোমবার (১১ এপ্রিল) সকাল ১১টা থেকে দুপুর দেড়টা পর্যন্ত পরিচালিত এ অভিযানে নিত্যপ্রয়োজনীয় পণ্য, ঔষধ ও খাদ্যপণ্য উৎপাদনকারী বিভিন্ন প্রতিষ্ঠান তদারকি করা হয়।

অভিযান পরিচালনা করেন মেহেরপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক (অতিরিক্ত দায়িত্ব) মোহাম্মদ মামুনুল হাসান। সার্বিক সহযোগিতায় ছিলেন নিরাপদ খাদ্য কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব) সজীব পাল এবং জেলা পুলিশের একটি টিম।

অভিযানকালে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ অনুযায়ী অপরিচ্ছন্ন পরিবেশে খাদ্যসামগ্রী তৈরি ও সংরক্ষণের দায়ে নিউ পপুলার বেকারিকে ১০ হাজার টাকা জরিমানা করা হয়। একই সঙ্গে প্রতিষ্ঠানটিকে দ্রুত সময়ের মধ্যে পরিচ্ছন্ন পরিবেশ নিশ্চিত করার নির্দেশনা দেওয়া হয়।

এ সময় আরও কয়েকটি প্রতিষ্ঠানকে ক্রয়-বিক্রয়ের ভাউচার সংরক্ষণ, মানসম্মত পণ্য ক্রয়-বিক্রয় এবং মেয়াদোত্তীর্ণ পণ্য ও ঔষধ বিক্রি থেকে বিরত থাকার নির্দেশনা প্রদান করা হয়।

মেহেরপুরে আজ থেকে বোম্বায় ও ১৮ মে হিমসাগর সংগ্রহ শুরু

মেহেরপুরে নিরাপদ, বিষমুক্ত ও পরিপক্ক আম বাজারজাত নিশ্চিত করতে বিভিন্ন জাতের আম সংগ্রহের তারিখ নির্ধারণ করেছে জেলা প্রশাসন।

নির্ধারিত সিদ্ধান্ত অনুযায়ী, আজ ১১ মে থেকে বোম্বায় ও গোপালভোগ আম ভাঙা শুরু হবে। আর জনপ্রিয় হিমসাগর আম সংগ্রহ করা যাবে আগামী ১৮ মে থেকে।

রোববার সদর উপজেলা পরিষদের হলরুমে স্থানীয় আমচাষি, ব্যবসায়ী ও সংশ্লিষ্টদের সঙ্গে আলোচনা শেষে এ সিদ্ধান্ত নেওয়া হয়।

নির্ধারিত সূচি অনুযায়ী, ফজলি আম ২৩ জুন, ল্যাংড়া ২৮ মে এবং মল্লিকা ১০ জুন থেকে সংগ্রহ করা যাবে। এছাড়া সর্বশেষ ১৫ জুলাই থেকে বিশ্বনাথ, আশ্বিনা ও বারি-১২ জাতের আম ভাঙা যাবে।

আলোচনা সভায় ক্ষতিকর রাসায়নিকমুক্ত নিরাপদ আম উৎপাদন ও বাজারজাতকরণের স্বার্থে আম সংগ্রহের নির্ধারিত সময় মেনে চলা, আমে ক্ষতিকর স্প্রে নিয়ন্ত্রণ এবং সার্বিক মনিটরিং জোরদারের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

ঢাকায় ছিনতাইয়ের কবলে লাইফ কেয়ার হাসপাতালের পরিচালক সাইফুল

লাইফ কেয়ার ডি ল্যাব এন্ড হাসপাতালের পরিচালক ও মেহেরপুর বেসরকারি ক্লিনিক ও ডায়াগনস্টিক সেন্টার মালিক সমিতির সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম ছিনতাইয়ের কবলে পড়েছেন।

আজ সোমবার ভোরে তিনি মেহেরপুর থেকে ঢাকায় পৌঁছালে ঢাকার রূপায়ণ ট্রেড সেন্টারের সামনে তিনি ছিনতাইয়ের শিকার হন।

এ সময় ছিনতাইকারিরা অস্ত্রের মুখে তাঁর মোবাইল, মানিব্যাগ, ক্রেডিট কার্ড, আইডি কার্ড ফিঙ্গারসহ ছিনিয়ে নিয়েছে।

সাইফুল ইসলাম ফেসবকু আইডি অথবা হুয়াটসঅ্যাপসহ যে কোন সামাজিক যোগাযোগ মাধ্যমে টাকা পয়সা চাইলে পরিবারের পক্ষ না দেওয়ার জন্য আহবান জানানো হয়েছে।

এমপি হয়েও মাদ্রাসার বেতন-ভাতা

নিচ্ছেন তাজ উদ্দিন খান

মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য তাজ উদ্দিন খান। তিনি মেহেরপুর জেলা জামায়াতের আমিরের দায়িত্বও পালন করছেন। সংসদ সদস্য নির্বাচিত হলেও তিনি এখনো খাতা-কলমে কর্মরত রয়েছেন মুজিবনগরের মানিকনগর ডিএস আমিনিয়া আলিম মাদ্রাসার সহকারী মৌলভী পদে। সংসদ সদস্য হওয়ার পরে মাদ্রাসা থেকেও নিচ্ছেন বেতন-ভাতা। সংসদ সদস্য নির্বাচিত হওয়ার পর মাদ্রাসা থেকে অবৈতনিক ছুটি নেওয়ার নিয়ম থাকলেও তিনি ছুটি নেননি, এমনকি মাদ্রাসায় অনুপস্থিত থেকেও মাসের পর মাস বেতন ও ভাতা নিচ্ছেন। এনিয়ে ক্ষোভ ও অসন্তোষ চলছে শিক্ষক ও কমিটির সদস্যদের মাঝে।

মাদ্রাসা সূত্রে জানা গেছে, সংসদ সদস্য নির্বাচিত হওয়ার পর সহকারী মৌলভী বর্তমান সংসদ সদস্য তাজ উদ্দিন খান মানিক নগর ডিএস আমিনিয়া আলিম মাদ্রাসা থেকে ফেব্রুয়ারি মাসের আংশিক বেতন, মার্চ ও এপ্রিল মাসের পুরো বেতন নিয়েছেন। এর সাথে পেয়েছেন মার্চ মাসে ঈদুল ফিতরের বোনাস এবং এপ্রিলে পেয়েছেন বৈশাখি ভাতা।

মাদ্রাসার হাজিরা খাতা দেখে জানা গেছে, তিনি সংসদ সদস্য নির্বাচিত হওয়ার পর থেকে মাদ্রাসায় অনুপস্থিত রয়েছেন। বেতন শিটে প্রত্যেক শিক্ষক ও কর্মচারীর স্বাক্ষর করতে হলেও তাঁর স্বাক্ষর তাঁর অনুপস্থিতেই কেউ করে দিচ্ছেন। এ নিয়ে মাদ্রাসার অন্যান্য শিক্ষকদের মধ্যে ক্ষোভ সৃষ্টি হয়েছে। অসন্তোষ প্রকাশ করেছেন মাদ্রাসা ব্যবস্থাপনা কমিটির সভাপতিও।

বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের জনবল কাঠামো ও এমপিও নীতিমালা (২০২৫) এবং শিক্ষা মন্ত্রণালয়ের বিধি অনুযায়ী, কোনো শিক্ষক বা কর্মচারী যদি অন্য কোনো লাভজনক পদে বা পূর্ণকালীন চাকরিতে নিয়োজিত হন, তবে তার এমপিও সুবিধা স্থগিত বা বাতিল হয়ে যায়। সংসদ সদস্য পদটি একটি পূর্ণকালীন ও লাভজনক পদ হিসেবে গণ্য হয়। তাই নির্বাচিত হওয়ার পর শিক্ষকতা পেশায় সক্রিয় থেকে বেতন নেওয়া আইনত জটিল।

একই নীতিমালার ৪.২৪(২) ধারায় বলা হয়েছে, কোন শিক্ষক ৬০ দিন কর্মস্থলে অনুপস্থিত থাকলে তার এমপিও স্থগিত অথবা বাতিল হয়ে যাবে।

নীতিমালায় আরো বলা হয়েছে, যদি কোনো শিক্ষক সংসদ সদস্য

নির্বাচিত হন, তবে তাকে সাধারণত তার শিক্ষা প্রতিষ্ঠান থেকে লিয়েন বা অবৈতনিক ছুটি নিতে হয়। এই সময়ে তিনি শিক্ষক হিসেবে কোনো বেতন-ভাতা পাবেন না, তবে তার চাকরির সিনিয়রিটি বা পদ বহাল থাকতে পারে।

জানা গেছে, নির্বাচিত সংসদ সদস্য হিসেবে তাজ উদ্দিন খান রাষ্ট্র থেকে নির্দিষ্ট বেতন, নির্বাচনি এলাকা ভাতা, আবাসন সুবিধা, চিকিৎসা ভাতা এবং অন্যান্য সংসদীয় সুযোগ-সুবিধা পাবেন। এই সুবিধাগুলো শিক্ষক হিসেবে প্রাপ্য ভাতার চেয়ে অনেক বেশি বা লাভজনক।

মাদ্রাসার শিক্ষকরা জানান, ২০২৪ এর ৫ আগস্টের পর থেকে তাজ উদ্দিন খান ঠিকমত মাদ্রাসায় হাজিরা দেন না। মাঝে মধ্যে এসে হাজিরা খাতায় স্বাক্ষর করে যেতেন। জাতীয় সংসদ নির্বাচন শুরু হলে তিনি তখন একজন প্যারা শিক্ষক নিয়োগ দেন। কিন্তু তিনি ছুটি না নিয়ে বেতন তুলছেন। চলতি মে মাস থেকে সেই প্যারা শিক্ষকও আর আসেন না। ফলে তাঁর ক্লাসগুলো অন্যান্য শিক্ষকদের অতিরিক্ত নিতে হচ্ছে। তিনি এমপি নির্বাচিত হওয়ায় কেউ তাকে নিয়ে কথা বলতে পারেননা। কিন্তু মাদ্রাসা কতৃপক্ষ তাকে বেতন-ভাতা দিয়ে যাচ্ছে।

এ বিষয়ে মাদ্রসার অধ্যক্ষ আসাদুল্লাহ আল গালিব বলেন, ‘এ মাদ্রাসার সহকারী মৌলভী তাজ উদ্দিন খান এমপি নির্বাচিত হওয়ার পর তাকে কয়েকবার বলেছি ছুটি নিতে অথবা শিক্ষা অধিপ্তর থেকে তার পক্ষে কোন নির্দেশনা নিয়ে আসতে । তারপরও তিনি ছুটি নেননি। তিনি না আসলেও তার বেতন -ভাতা দিতে হচ্ছে।’ তাজ উদ্দিন খানের পরবর্তিতে যদি অন্য কোন শিক্ষক এমন করতেন তবে কি করতেন? এমন প্রশ্নের জবাবে তিনি বলেন, ‘এর বেশি কিছু বলতে পারবো না।’

মানিকনগর ডিএস আমিনিয়া আলিম মাদ্রাসা ব্যবস্থাপনা কমিটির সভাপতি আহমদ আলী বলেন, ‘এমপি তাজউদ্দিন খানের বিষয়ে আমি গত মিটিংয়ে প্রিন্সিপালকে বলেছি, একজন শিক্ষক অনুপস্থিত থাকবে আর আমি বেতন শিটে সই করবো তা হবে না। সরকারি টাকা এভাবে নষ্ট করলে কৈফিয়ত দেবে কে?’ আমি এপ্রিল মাসেও সই করেছি কিন্তু মে মাসের বেতনে সই করবো না বলে জানিয়ে দিয়েছি।’

এ বিষয়ে মুজিবনগর উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা (ভারপ্রাপ্ত) মো: মামুন উদ্দিন আল আজাদ বলেন, এমপিও ভুক্ত কোন শিক্ষক সরকারের দুই কোষাগার থেকে বেতন-ভাতা উত্তোলণ করতে পারবেন না।

মানিকনগর ডিএস আমিনিয়া আলিম মাদ্রাসার সহকারী মৌলভী তাজ উদ্দিন খান সংসদ সদস্য নির্বাচিত হয়েছেন, আমি অধ্যক্ষকে বলেছি আপনি এ বিষয়ে মাদ্রাসা বোর্ডের মহাপরিচালক, এমনকি শিক্ষা সচিব মহোদয়ের কাছে থেকে মতামত নিয়ে তাঁর ব্যাপারে সিদ্ধান্ত নেন।’

তবে এ বিষয়ে মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য ও মানিকনগর ডিএস আমিনিয়া আলিম মাদ্রাসার সহকারী মৌলভী তাজ উদ্দিন খানের সাথে যোগাযোগ করা হলে তিনি বলেন,‘ নির্বাচনের পরপরই রোযার ছুটিতে মাদ্রাসা বন্ধ হয়ে গেলো, তারপরপরই আবার সংসদ অধিবেশন শুরু হয়ে গেলো। যে কারণে মাদ্রাসা কমিটির সাথে আমার বসার সুযোগ হয়নি। আমি মাদ্রাসার শিক্ষকদের বলেছি আমার বেতন চালু থাক। আমি বেতন তুলে রাষ্ট্রিয় কোষাগারে জমা দিয়ে দেব, যার স্লিপ মাদ্রাসায় থাকবে।

তিনি আরো বলেন, বেতন বন্ধ হয়ে গেলে পুনরায় বেতন চালু করা কষ্ট হয়ে যায়, এ জন্য এ কথা বলেছি। গত তিন মাসের বেতনের বিষয়ে তিনি বলেন, ‘অধিদপ্তর যদি বলে উত্তোলণকৃত টাকা জমা দিতে হবে আমি জমা দিয়ে দেব। এবং যদি অবৈতনিক ছুটি নেওয়ার বিধান থাকে তবে অধিদপ্তরের সাথে আলাপ করে প্রয়োজনে ছুটি নেব।’

উল্লেখ্য, মুজিবনগরের কেদারগঞ্জ বাজারে ১৯৭৬ সালে প্রতিষ্ঠিত হয় মানিকনগর ডিএস আমিনিয়া আলিম মাদ্রাসা । প্রতিষ্ঠানটিতে ২৯ জন শিক্ষক-কর্মচারী রয়েছেন। শিক্ষার্থীর সংখ্যা ৪৩০ জন। ২০২৫ সালের দাখিল পরীক্ষায় ২৭ জন অংশ নিয়ে পাশ করেছেন ১৩ জন, কেউ জিপিএ ৫ পায়নি।

মেহেরপুরে আবু জাফর দম্পত্তির বিরুদ্ধে আদালতে মামলা

মেহেরপুরে মোবাইল ব্যাংকিংয়ের (নগদ) মাধ্যমে প্রতারণা ও টাকা আত্মসাতের অভিযোগে আবু জাফর ওরফে কনক দম্পত্তির বিরুদ্ধে আদালতে মামলা দায়ের করা হয়েছে।

[redacted]

[redacted]